

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১২.০০১.২১-১২৩

তারিখ : ১৭ ফাল্গুন ১৪৩২
০২ মার্চ ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত আদালতে কর্মরত সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর-কে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদমর্যাদায় 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতি প্রদান করা হলো এবং তাঁর নামের পার্শ্বে বর্ণিত আদালতে ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা (জাতীয় বেতন স্কেল, ২০১৫) স্কেলে নিম্নবর্ণিত শর্তে শিক্ষানবিস হিসেবে অস্থায়ীভিত্তিতে পদায়ন করা হলো :

স্টেনোগ্রাফার গ্রুপ :

ক্রমিক	নাম, পদবি ও কর্মস্থল	পদোন্নতিমূলে বদলিকৃত কর্মস্থল
১.	জনাব মাসুদ রানা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লা।	প্রশাসনিক কর্মকর্তা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লা।

০২। উপযুক্ত পদোন্নতিপ্রাপ্ত সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নিকট আগামী ০৩-০৩-২০২৬ খ্রি. তারিখ বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদোন্নতিপ্রাপ্ত কর্মস্থলে যোগদান করার নির্দেশ প্রদান করা হলো।


০৩।

শর্তাবলি :

- পদোন্নতির এ আদেশ কার্যকর হওয়ার পূর্বে ১৬০০০-৩৮৬৪০/- টাকা বা তদূর্ধ্ব স্কেলে বেতন প্রাপ্ত হলে আহরিত মূল বেতন বহাল রেখে পদোন্নতিপ্রাপ্ত পদে বেতন নির্ধারণ করতে হবে।
- শিক্ষানবিস মেয়াদ হবে ০১(এক) বছর। নতুন পদে যোগদানের তারিখ থেকে উক্ত বছর গণনা শুরু হবে।
- শিক্ষানবিস মেয়াদে কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে বিধি অনুযায়ী শিক্ষানবিস সম্প্রসারণ করে সর্বসাকুল্যে ০১(এক) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে।
- শিক্ষানবিস মেয়াদ (বর্ধিত হলে তা-সহ) সমাপ্ত হওয়ার পর আচরণ ও কাজকর্ম সন্তোষজনক হলে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ মোতাবেক তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(এ. এফ. এম. মোহাম্মদ হোসেন)
উপসচিব (প্রশাসন-১) ০২.০৩.২৬
ফোন : ২২৩৩৫৭৪১৬।

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১২.০০১.২১-১২৩/১(৮)

তারিখ : ০২ মার্চ ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- সিনিয়র সচিব, সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা।
- রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা।
- উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৭. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা।
৮. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. জনাব মাসুদ রানা, সঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লা।


০২/০৩/২০২৬
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৫৫১০০৮৮৬